

লীগ প্রতিষ্ঠার পর লীগের মাধ্যমে অডিট করে ১৯৮৪ খ্রীষ্টাব্দে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমবায় মন্ত্রণালয়ের অধীনে রূপগঞ্জ থানা সমবায় কার্যালয় থেকে ২৪/৮৪ নং নিবন্ধন লাভ করে। এখানে প্রকাশ থাকে যে আগে মঠবাড়ী সমবায় কাজ করার জন্য অনুরোধ করা হইত। আর ৩১শে জুলাই ১৯৮৭ খ্রীষ্টাব্দে নির্বাচনের মাধ্যমে মঠবাড়ী খ্রীষ্টান সমবায় ঋণদান সমিতি লিঃ এর পরিচালনা পরিষদ ক্ষমতা গ্রহণ করেন। ইহাই আমার জীবন স্বার্থক।

এই সমবায় সমিতি প্রতিষ্ঠা থেকে আজ পর্যন্ত চেয়ারম্যানদের নাম যথাক্রমে (১) প্রয়াত মি. আগস্টিন ছেড়াও (২) প্রয়াত টমাস রোজারিও (৩) প্রয়াত মাইকেল রোজারিও (৪) মিঃ নিমাই গমেজ (৫) প্রয়াত এরন রোজারিও (৬) মিঃ অনীল ইউজিন রোজারিও (৭) মিঃ নিকোল্লাল গমেজ (৮) প্রয়াত বেঞ্জামিন ক্রুজা (৯) মিঃ চঞ্চল রড্রিকস (১০) মিঃ থিয়োফিল রোজারিও (১১) মিঃ খ্রীষ্টফার দেছাই।

বাংলাদেশে দ্বিতীয় খ্রীষ্টান সমিতি বহু বাধা পেরিয়ে আজ তার সুবর্ণ জয়ন্তী পালনে অধীর হয়ে আছেন সদস্য/সদস্যা কর্মকর্তা ও কর্মচারী বৃন্দ। আজ আমরা স্মরণে রাখিব সেই অনুপ্রেরণাকারী প্রয়াত ফাদার বার্গম্যান সিএসসি কে যিনি মঠবাড়ী অভাবগ্রস্থ লোকদের আর্থিক উন্নয়নে সুপথ প্রদর্শনের জন্য আপ্রাণ চেষ্টা চালিয়ে প্রতিষ্ঠা করেছিলেন মঠবাড়ী খ্রীষ্টান সমবায় ঋণদান সমিতি। মাঠের পশ্চিমে পাশ দিয়ে রোপন করেছিলেন কাঁঠালের চারা আজ তাহা শতগুন ফলদান করিতেছে। তদ্রূপ মঠবাড়ী সমবায় সমিতি আজ গর্বের দাবীদার। আজ যে সকল সদস্য/সদস্যা ও কর্মকর্তা মৃত্যু বরণ করেছেন তাঁদের আত্মার চির শান্তির জন্য পরম করুণাময়ের কাছে প্রার্থনা জানাই। আর সর্বশেষ স্মরণ করি সমবায়ের জনক প্রয়াত ফাদার ইয়াং ও সমবায়ের স্বপ্নদ্রষ্টা স্বর্গীয় আর্চ বিশপ লারস লিও গ্রেনার তাদের আত্মত্যাগে আজ আমরা স্বাবলম্বী। অবশেষে সমবায়ী শুভেচ্ছা জানাই মঠবাড়ী খ্রীষ্টান সমবায় ঋণদান সমিতি লিঃ এর সকল সদস্য/সদস্যা কর্মকর্তা ও কর্মচারী বৃন্দকে।

জয় হটক সুবর্ণ জয়ন্তী উৎসব। স্মরণীয় থাকুক ইতিহাসের পাতায় আর সাম সংগীতে গেয়ে উঠিঃ- ওগো ভগবান, তোমারই দিকে মেলেছি আমার প্রাণ, হে আমার ঈশ্বর, তোমারই উপর ভরসা রেখেছি আমি।

**সঞ্চয় করুন
নিজে সমৃদ্ধ হোন
দেশকে সমৃদ্ধ করুন**

মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ